
পাঠ ৯

# বাক্য পড়ি ও লিখি



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, অনুজ্ঞা, বিভিন্ন প্রেক্ষাপটনির্ভর ঘোষণা ও সংকেত শুনে বুঝতে পারা।

৬.১ পরিচিত প্রেক্ষাপটে প্রশ্ন-উত্তর, অনুজ্ঞা, সম্বোধন করতে পারা এবং সংকেত, বিজ্ঞপ্তি বুঝে প্রমিত উচ্চারণে বলতে পারা।

৯.২ বিভিন্ন ধরনের বাক্য (বিরামচিহ্ন– দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক, বিস্ময়সূচক অনুসারে) প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে পড়ে বুঝতে পারা।

১০.১ পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখায় বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, নির্দেশনা, অনুজ্ঞা ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন পড়ে বুঝতে পারা।

১০.২ হাতের লেখায় সম্বোধন, অনুরোধ, সৌজন্যমূলক বাক্য পড়ে বুঝতে পারা।

১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।

১৪.১ পরিচিত প্রেক্ষাপটে সাধারণ নির্দেশনা, প্রশ্ন, অনুজ্ঞাসূচক বাক্য, সংকেত, ঘোষণা, বিজ্ঞপ্তির বিষয় ও কথোপকথন বুঝে প্রমিত বাংলায় লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ২

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-৩৩ | পড়ি, লিখি প্রথম অংশ |
| পিরিয়ড-৩৪ | পড়ি, লিখি দ্বিতীয় অংশ |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| চাচি | ধন্যবাদ | বন্ধু | বাড়ি | সুন্দর | দারুণ | ব্যথা | বৃষ্টি |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর (১) চলো, পারি কি না দেখি

### ১ লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৫


| | |
|---|---|
| আপা | আপা, আমি আসতে পারি? |
| স্যার | স্যার, আপনাকে অনেক ধন্যবাদ। |
| বন্ধু | বন্ধু, তোমার নাম কী? |



### ২ লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৫

| | |
|---|---|
| কী | কী দারুণ বৃষ্টি! |
| বাহ্ | বাহ্! কাশফুলগুলো কী সুন্দর! |
| আহা | আহা, নদীভাঙন যদি না হতো! |



## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ৩৩ | পড়ি, লিখি প্রথম অংশ**

**প্রশ্ন ১. নিচের দাগ দেওয়া বিরামচিহ্নগুলোর নাম ও ব্যবহার লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

মামা, আপনি কেমন আছেন?

চাচি, আপনাকে ধন্যবাদ।

বন্ধু, তোমার বাড়ি কোথায়?

কী সুন্দর বিকেল!

রফিক ক্রিকেট খেলা পছন্দ করে; আমার পছন্দ ফুটবল।

**উত্তর :**

প্রথম বাক্যের বিরামচিহ্নের নাম কমা; এটি সম্বোধনের পরে ব্যবহৃত হয়।

দ্বিতীয় বাক্যের বিরামচিহ্নের নাম দাঁড়ি; এটি বাক্যের শেষে ব্যবহৃত হয়।

তৃতীয় বাক্যের বিরামচিহ্নের নাম প্রশ্নবোধক; এটি প্রশ্ন করতে ব্যবহৃত হয়।

চতুর্থ বাক্যের বিরামচিহ্নের নাম বিস্ময়বোধক চিহ্ন; এটি বিস্ময় প্রকাশ করতে ব্যবহৃত হয়।

পঞ্চম বাক্যের বিরামচিহ্নের নাম সেমিকোলন; এটি স্বাধীন সম্পর্কিত একাধিক বাক্যকে এক বাক্যে পরিণত করার ক্ষেত্রে ব্যবহার করা হয়।

**প্রশ্ন ২. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী দেখা যাচ্ছে?**

**উত্তর :** ছবিতে দেখা যাচ্ছে, মামা-ভাগনে কথা বলছে।

**প্রশ্ন খ. ছবিতে কে কী করছে?**

**উত্তর :** ছবিতে মামা ভাগনের কাঁধে হাত রেখেছে আর ভাগনে মামার দিকে তাকিয়ে কথা বলছে।

**প্রশ্ন গ. তারা কী কথা বলছে?**

**উত্তর :** তারা সৌজন্যমূলক কথাবার্তা বলছে। সে তার মামাকে জিজ্ঞেস করছে— মামা, আপনি কেমন আছেন?

**প্রশ্ন ৩. 'ধন্যবাদ' শব্দটিতে কোন বর্ণের সাথে ফলা আছে? এই ফলাযুক্ত শব্দ দিয়ে নতুন শব্দ লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ধন্যবাদ শব্দটিতে ন বর্ণের সাথে য-ফলা আছে। নতুন শব্দ : সত্য, নাট্য।

**প্রশ্ন ৪. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

কেমন, ধন্যবাদ, বন্ধু।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| কেমন | ক্যামোন্ |
| ধন্যবাদ | ধোন্নোবাদ্ |
| বন্ধু | বোন্ধু |

**প্রশ্ন ৫. আমাদের আত্মীয়দের আমরা কী কী বলে ডাকি?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমাদের আত্মীয়দের আমরা কাকা-কাকি, চাচা-চাচি, মামা-মামি, ফুফু-ফুফা ইত্যাদি বলে ডাকি।

**প্রশ্ন ৬. নতুন কারও সাথে দেখা হলে আমরা কী করি?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** নতুন কারও সাথে দেখা হলে কুশল বিনিময় করি।

**প্রশ্ন ৭. কোনো কিছু গ্রহণ করার সময় আমরা কী বলি?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কোনো কিছু গ্রহণ করার সময় আমরা বলি, "আমি কি এটা নিতে পারি?"

**পিরিয়ড ৩৪** পড়ি, লিখি দ্বিতীয় অংশ

**প্রশ্ন ৮. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তোমাদের মধ্যে কেউ সুন্দর ছবি আঁকলে সেই ছবি দেখে কী বল?**

**উত্তর :** আমাদের মধ্যে কেউ সুন্দর ছবি আঁকলে সেই ছবি দেখে বলি– বাহ্! খুব সুন্দর ছবি এঁকেছ।

**প্রশ্ন ৯. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী দেখা যাচ্ছে?**

**উত্তর :** ছবিতে দেখা যাচ্ছে, একটি ছেলে খেলতে গিয়ে ব্যথা পেয়ে পড়ে গেছে।

**প্রশ্ন খ. ছবিতে কে কী করছে?**

**উত্তর :** ছবিতে অন্যান্য বন্ধুরা ব্যথাপ্রাপ্ত বন্ধুকে সেবাযত্ন করছে।

**প্রশ্ন গ. বন্ধুরা কীভাবে দুঃখ প্রকাশ করছে?**

**উত্তর :** আহা, ব্যথা পেলে বুঝি! এভাবে বন্ধুরা দুঃখ প্রকাশ করছে।

**প্রশ্ন ১০. নিচের বাক্যগুলো থেকে বিরামচিহ্ন আলাদা করে বিরামচিহ্নের নাম লেখ।**

বাহ্! দারুণ খেলেছ।

আহা, ব্যথা পেলে বুঝি!

**উত্তর :** প্রথম বাক্যের বিরামচিহ্ন : !, ।

দ্বিতীয় বাক্যের বিরামচিহ্ন : , !

বিরামচিহ্নগুলোর নাম : বিস্ময়চিহ্ন (!), দাঁড়ি ( । ), কমা (,)।

**প্রশ্ন ১১. কোনো সুন্দর পাখি দেখলে আমরা কী বলি?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কোনো সুন্দর পাখি দেখলে আমরা বলি, "বাহ! সুন্দর পাখি।"

**প্রশ্ন ১২. সুন্দর হাতের লেখা দেখে কী মন্তব্য করি?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সুন্দর হাতের লেখা দেখে আমরা মন্তব্য করি, "বাহ! দারুণ লেখা।"

**প্রশ্ন ১৩. কারও কাছে কিছু জানতে কী করতে হয়?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কারও কাছে কিছু জানতে অনুরোধ করতে হয়।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের বাক্যগুলোতে সম্বোধনবাচক শব্দ আছে কয়টি?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

মামা, আপনি কেমন আছেন?
চাচি, আপনাকে অনেক ধন্যবাদ।
বন্ধু, তোমার বাড়ি কোথায়?
আপা, আমি আসতে পারি?

**উত্তর :** উপরের বাক্যগুলোতে চারটি সম্বোধনবাচক শব্দ আছে। যথা– মামা, চাচি, বন্ধু, আপা।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

বন্ধু, অনেক, সুন্দর, ব্যথা, দারুণ, বৃষ্টি।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | শব্দার্থ |
|---|---|
| বন্ধু | মিত্র, মিতা, সখা। |
| অনেক | প্রচুর, ঢের। |
| সুন্দর | চমৎকার, সুশ্রী, সুদর্শন, শোভন। |
| ব্যথা | কষ্ট, পীড়া, বেদনা। |
| দারুণ | অতিশয়, ভীষণ, প্রবল, চমৎকার। |
| বৃষ্টি | বর্ষণ, বর্ষা, বাদল। |

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

**প্রশ্ন ৩. নিচের যতিচিহ্নগুলো দিয়ে বাক্য গঠন কর।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ক. , (কমা) : ........................................
খ. । (দাঁড়ি) : ........................................
গ. ; (সেমিকোলন) : ........................................
ঘ. ? (প্রশ্নচিহ্ন) : ........................................
ঙ. ! (বিস্ময়চিহ্ন) : ........................................

উত্তর :

| | | |
|---|---|---|
| ক. , (কমা) | : | রুবা, রুমা, সেতু ও মিতুল একসাথে স্কুলে যায়। |
| খ. । (দাঁড়ি) | : | লিটু বই পড়তে বসেছে। |
| গ. ; (সেমিকোলন) | : | রফিক ক্রিকেট খেলা পছন্দ করে; আমার পছন্দ ফুটবল। |
| ঘ. ? (প্রশ্নচিহ্ন) | : | তুমি কি এখন ভাত খাবে? |
| ঙ. ! (বিস্ময়চিহ্ন) | : | ফুলের বাগানটা কী সুন্দর! |

**প্রশ্ন ৪. নিচের শব্দগুলোর বাক্য গঠন কর।**

বাড়ি, সুন্দর, দারুণ, খেলেছ, ব্যথা।

**উত্তর :**

| | | |
|---|---|---|
| বাড়ি | — | তোমার বাড়ি কোথায়? |
| সুন্দর | — | কী সুন্দর বিকেল! |
| দারুণ | — | দারুণ পিপাসা পেয়েছে। |
| খেলেছ | — | বাহ্! খুব ভালো খেলেছ। |
| ব্যথা | — | ছেলেটি পায়ে ব্যথা পেয়েছে। |

## বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৫. আমাদের বাড়িতে বন্ধুরা এলে আমরা কী করি?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমাদের বাড়িতে বন্ধুরা এলে আমরা তাদের বসতে দিই এবং সাধ্যমতো আপ্যায়ন করি।

**প্রশ্ন ৬. কাউকে প্রশংসা করতে আমরা কী বলি?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কাউকে প্রশংসা করতে আমরা বলি, "বাহ! দারুণ হয়েছে।"

**প্রশ্ন ৭. কেউ ব্যথা পেলে তাকে কী বলতে হয়?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কেউ ব্যথা পেলে তাকে বলতে হয়, "আহা! ব্যথা পেলে বুঝি?"

**প্রশ্ন ৮. কারও পোশাক পরিষ্কার দেখালে তাকে কী বলতে হয়?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কারও পোশাক পরিষ্কার দেখালে তাকে বলতে হয়, "বাহ! কী দারুণ পোশাক পরেছ।"

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৯. নির্দেশনা অনুসারে কোনটি কোন ধরনের বাক্য (নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা) লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ক. তোমার বাবার নাম কী?

খ. দরজাটি খোল।

গ. রৌদ্রে খেলা করবে না।

ঘ. আগামীকাল প্রধান শিক্ষক ক্লাস নিবেন।

ঙ. তুমি কি খেলতে পছন্দ কর?

**উত্তর :** গঠন অনুসারে বাক্যের ধরনগুলো হলো—

ক. তোমার বাবার নাম কী? — প্রশ্নমূলক।

খ. দরজাটি খোল— আদেশমূলক।

গ. রৌদ্রে খেলা করবে না— নির্দেশনামূলক।

ঘ. আগামীকাল প্রধান শিক্ষক ক্লাস নিবেন— ঘোষণামূলক।

ঙ. তুমি কি খেলতে পছন্দ কর?— প্রশ্নমূলক।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১০. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

বন্ধু, সুন্দর, বৃষ্টি।

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| বন্ধু | ন্ধ | ন + ধ | অন্ধ, বন্ধ |
| সুন্দর | ন্দ | ন + দ | ছন্দ, আনন্দ |
| বৃষ্টি | ষ্ট | ষ + ট | মিষ্টি, দৃষ্টি। |

**প্রশ্ন ১১. বাক্য পড়ি ও লিখি থেকে বিশেষণবাচক শব্দ খুঁজে বের করে লেখ।**

**উত্তর :** নীল, সুন্দর, দারুণ।

**প্রশ্ন ১২. বাক্য পড়ি ও লিখি থেকে বিশেষ্যবাচক শব্দ খুঁজে বের করে লেখ।**

**উত্তর :** বন্ধু, বাড়ি, বৃষ্টি, সূর্য, মানুষ, নদী, ফুল, আকাশ।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| য-ফলাযুক্ত ও যুক্তবর্ণের শব্দ সঠিক উচ্চারণে পড়তে পেরেছে। | | | |

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| অনুরোধজ্ঞাপক বাক্য শুনে সাড়া দিতে পেরেছে। | | | |
| কথোপকথন বুঝে প্রমিত বাংলায় বলতে পেরেছে। | | | |
| শ্রুতলিপি লিখতে পেরেছে। | | | |
| পাঠে বিরামচিহ্ন ব্যবহার করে, স্বরভঙ্গি ও অভিব্যক্তি বজায় রেখে পড়তে পেরেছে। | | | |
| আবেগসূচক বাক্য শুনে সাড়া দিতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

### ধারাবাহিক মূল্যায়ন

তারিখ : ☐☐☐ সময় :...............

শিক্ষার্থীর নাম :.................................................. শ্রেণি :.................................... রোল নম্বর : ☐

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ।

বন্ধু, অনেক, সুন্দর, ব্যথা, দারুণ, বৃষ্টি।

২। নিচের যতিচিহ্নগুলো দিয়ে বাক্য গঠন কর।

ক. , (কমা) : ....................................

খ. । (দাঁড়ি) : ....................................

গ. ; (সেমিকোলন): ....................................

ঘ. ? (প্রশ্নচিহ্ন) : ....................................

ঙ. ! (বিস্ময়চিহ্ন) : ....................................

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।

ক. আপনি কেমন আছেন?

খ. দারুণ খেলেছ। আপনাকে অনেক ধন্যবাদ।

গ. কী দারুণ বৃষ্টি!

### উত্তরমালা

১ ▸

বন্ধু — মিত্র, মিতা, সখা।

অনেক — প্রচুর, ঢের।

সুন্দর — চমৎকার, সুশ্রী, সুদর্শন, শোভন।

ব্যথা — কষ্ট, পীড়া, বেদনা।

দারুণ — অতিশয়, ভীষণ, প্রবল, চমৎকার।

বৃষ্টি — বর্ষণ, বর্ষা, বাদল।

২ ▸ ক. , (কমা) : রুবা, রুমা, সেতু ও মিতুল একসাথে স্কুলে যায়।

খ. । (দাঁড়ি) : লিটু পড়তে বসেছে।

গ. ; (সেমিকোলন) : রফিক ক্রিকেট খেলা পছন্দ করে; আমার পছন্দ ফুটবল।

ঘ. ? (প্রশ্নচিহ্ন) : তুমি কি এখন ভাত খাবে?

ঙ. ! (বিস্ময়চিহ্ন) : ফুলের বাগানটা কী সুন্দর!

৩ ▸ ক. আপনি কেমন আছেন?— প্রশ্নবোধক বাক্য।

খ. দারুণ খেলেছ। আপনাকে অনেক ধন্যবাদ।— বিবৃতি বা বর্ণনাত্মক বাক্য।

গ. কী দারুণ বৃষ্টি!— আবেগসূচক বাক্য।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐